

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (এপিপি) কপি।
 (২) Screening Materials পরিবহনের জন্য ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক পূর্বানুমোদিত দরের কপি।
 (৩) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Transport of Screening Materials from STP and Sewage Lifting Station (Package-8)” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


০১। ক্রমিক নং-০১ হতে ০৩ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।


০২। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি পয়ঃলিফটিং স্টেশনসহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরে ১টি ইনলেট পাম্পিং স্টেশন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লিফটিং স্টেশন ও প্রকল্পের অভ্যন্তরের ইনলেট পাম্পিং স্টেশনে প্রতিদিন প্রায় ১০-১২ টন Screening Materials জমা হয়। পয়ঃশোধনাগারের সুষ্ঠু Operation and Maintenance কার্যক্রম চলমান রাখাসহ পয়ঃশোধনাগারের পরিবেশ সুন্দর রাখার স্বার্থে উক্ত Screening Materials সহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা প্রতিদিন সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক পূর্বানুমোদিত দরের ভিত্তিতে Screening Materials সহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করার জন্য প্রতি ৩টন ধারন ক্ষমতা সম্পন্ন গাড়ীর জন্য ২,২৫০.০০ টাকা হিসেবে (ক্রমিক নং- ২ দ্রঃ) প্রতি মাসে কম/বেশি ৩৬০টন ময়লা স্থানান্তরের নিমিত্তে ১২০গাড়ীর জন্য প্রতি মাসে $(২২৫০ \times ১২০ \times ১) = ২৭,০০০.০০$ টাকা প্রয়োজন। সেপ্রেক্ষিতে ১৮(আঠারো)মাসের জন্য ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। মোট প্রাক্কলিত মূল্য ৪৮,৬০,০০০.০০ (আটচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা মাত্র (ক্রমিক নং- ৩ দ্রঃ)। উল্লেখ্য, প্রকৃত গাড়ীর সংখ্যার উপর ভিত্তি করে বিল প্রদান করা হবে। আলোচ্য কাজটির অনুমোদন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা'র আওতাধীন।


০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় পয়ঃ লিফটিং স্টেশন ও ইনলেট পাম্পিং স্টেশনের Screening Materials সহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করার জন্য “Transport of Screening Materials from STP and Sewage Lifting Station (Package-8)” কাজটি ১৮মাসের জন্য মোট ৪৮,৬০,০০০.০০ (আটচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা (ভ্যাট, আইটি ও ইত্যাদিসহ) প্রাক্কলিত ব্যয়ে PPR-২০০৮ এর ৬১ ধারা অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) e-GP এর মাধ্যমে সম্পন্ন করার কারিগরী, আর্থিক ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। অনুমোদনের পরে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ও চুক্তি ব্যবস্থাপনাসহ ক্রয় সংক্রান্ত যাবতীয় সকল কার্যক্রম নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার কর্তৃক গ্রহণ করা হবে। উল্লেখ্য, আলোচ্য কাজটির ব্যয় পয়ঃশোধনাগারের আওতায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ২৯ হতে নির্বাহ করা হবে (ক্রমিক নং- ১দ্রঃ)।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।



 ০১.০৭.২০২৪
 ইমাম হোসেন
 উপ-সহকারী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
 ঢাকা ওয়াসা।



 ০১.০৭.২০২৪
 আসিফ কবির
 সহকারী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃশোধনাগার
 ঢাকা ওয়াসা।



 ০১/০৭/২০২৪
 মোঃ মোমতাজুর রহমান
 নির্বাহী প্রকৌশলী
 দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
 ঢাকা ওয়াসা।


 SE/PE


 ০২/০৮/২৪
 মুস্তাফিজুর রহমান
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা


 DMD (O&M)


 ২৭/৮/২০২৪
 প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
 উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 CE